

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৬০

আগরতলা, ১৫ মে, ২০ ১৮

সদর মহকুমা বন বিভাগের বন সৃজনের কর্মসূচি

সদর মহকুমা বন বিভাগের উদ্যোগে চলতি অর্থ বছরের বর্ষা মরশুমে মহকুমার ১০০ হেক্টর এলাকায় বন সৃজনের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। সেই লক্ষ্যমাত্রায় কাজও চলছে। সদর মহকুমা বন বিভাগের আধিকারিক এ সংবাদ দিয়ে জানান, বন সৃজন ছাড়াও মহকুমার ২৫ কিলোমিটার এলাকায় রাস্তার পাশে এবং ১০ কিলোমিটার নদীর পাড়ে বৃক্ষরোপণ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। অন্যদিকে, ৫ লক্ষ বিভিন্ন প্রকার গাছের চারার পলিব্যাগ নার্সারী উৎপাদনের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এর মধ্যে আলাদা করে ১০০০ সেগুন ও গামাই গাছের চারা থাকবে।
